

HPV (হিউম্যান প্যাপিলোমা ভাইরাস)

HPV কি ?

HPV (হিউম্যান প্যাপিলোমা ভাইরাস) যৌন সংক্রমণে ছড়ায় এমন ভাইরাস। জনেন্দ্রিয় (স্ত্রী-যোনি বা পায়ুগত যৌন) সংস্পর্শের মাধ্যমে এটা ছড়িয়ে পড়ে। এছাড়া ত্বকের সংস্পর্শেও এই সংক্রমণ হতে পারে। যৌন সঙ্গম করেছে এমন অন্তত 50% মানুষের জীবদ্দশায় কখনও না কখনও HPV হয়।

আমি HPV-র কথা আগে শুনি নি কেন ?

HPV নতুন ভাইরাস নয়। তবে অনেকেই এ ব্যাপারে জানে না। বেশীর ভাগ মানুষের কোনো রোগলক্ষণ থাকে না। HPV নিজে থেকে সেরে যেতে পারে - তাতে কোনো স্বাস্থ্য সমস্যাও হয় না।

কাদের HPV হতে পারে ?

যে কোনো ব্যক্তির অন্য ব্যক্তির জনেন্দ্রিয়ের সংস্পর্শে HPV হতে পারে। পুরুষ ও মহিলা সবারই এটা হতে পারে এবং নিজেরা না জেনে অন্যকেও সংক্রমিত করতে পারে। যেহেতু এর কোনো লক্ষণ হয় না তাই যৌন সঙ্গমের বহু বছর পরেও তার HPV থাকতে পারে।

কার HPV হওয়ার বেশী সম্ভাবনা থাকে ?

যে কোনো ব্যক্তি যৌনসঙ্গম করলে HPV আক্রান্ত হতে পারে। আপনার HPV -র বেশী আশঙ্কা থাকবে যদি আপনার :

- অল্পবয়সে যৌনসঙ্গম করেন
- একাধিক যৌনসঙ্গী থাকে
- যৌন সঙ্গীর একাধিক সঙ্গী থাকে

কোন উপসর্গ বা লক্ষণ না থাকলেও HPV নিয়ে দুশ্চিন্তা করার কি কোন কারণ আছে ?

HPV অনেক ধরণের হয় এবং সবধরণের HPV থেকে স্বাস্থ্য সমস্যা হয় না। কোন কোন HPV র ফলে জনেন্দ্রিয়ের জডুল কিংবা সার্ভিকাল ক্যান্সার হতে পারে। প্রায় 70% সার্ভিকাল ক্যান্সার HPV 16 এবং 18 থেকে হয়। HPV টাইপ 6 এবং 11 প্রায় 90% জনেন্দ্রিয়ের জডুলের জন্য দায়ী।

HPV-র নিরাময়ের উপায় আছে কি ?

ভাইরাসের (HPV) প্রতিকারের কোনো উপায় নেই। তবে HPV -র ফলে যে স্বাস্থ্য সমস্যা হতে পারে, যেমন জনেন্দ্রিয়ে জডুল, সার্ভিকাল ক্যান্সার বা সার্ভিকাল পরিবর্তন তার চিকিৎসা ব্যবস্থা আছে।

জনেন্দ্রিয়ে জডুলের বিষয়ে আমার কি জানা দরকার ?

জনেন্দ্রিয়ের জডুলের অনেক রকমের চিকিৎসা আছে। তবে জডুলের চিকিৎসার পরেও ভাইরাস শরীরে থাকতে পারে ও অন্যরা সংক্রমিত হতে পারে। জনেন্দ্রিয়ে জডুলের চিকিৎসা না করা হলে সেগুলি নিজে থেকে সেরে উঠতে পারে, একই রকম থাকতে পারে, তবে এগুলো কখনো ক্যান্সারে পরিণত হয় না, আকার বা সংখ্যায় বাড়তে পারে।

সার্ভিকাল ক্যান্সারের বিষয়ে আমার কি জানা দরকার ?

সব মহিলাদের নিয়মিত প্যাপ টেস্ট করানো প্রয়োজন। প্যাপ টেস্টে HPV-র ফলে কোষে যে পরিবর্তন ঘটে তা ধরা পড়ে। এই টেস্টে কোষের প্রাথমিক পরিবর্তনও ধরা পড়ে - তাই কোষগুলি ক্যান্সারে পরিবর্তিত হওয়ার আগেই সার্ভিক্সের (গর্ভাশয়ের সঙ্কীর্ণ পথ) চিকিৎসা করা যায়। এই পরীক্ষা দ্বারা ক্যান্সারের প্রারম্ভিক স্তরে বিষয়েও জানা যায় যা বেশী গুরুতর হয়ে ওঠার আগেই চিকিৎসা করা যায়। প্রারম্ভিক পর্যায়ে সার্ভিকাল ক্যান্সার

পরের পৃষ্ঠা



HPV (হিউম্যান প্যাপিলোমা ভাইরাস)

ধরা পড়লে খুব কমই এই রোগে মৃত্যু হয়।

HPV পরীক্ষার উপায় আছে কি ?

হ্যাঁ। যে ধরণের HPV-র ফলে সার্ভিক্যাল ক্যান্সারে হতে পারে তা এতে পরীক্ষা করা হয়। FDA 30 বছরের বেশী বয়সী মহিলাদের HPV পরীক্ষা করার অনুমোদন দিয়েছে। সার্ভিক্সে কোনোরকম পরিবর্তন হওয়ার আগেই এ টেস্টে HPV ধরা পড়তে পারে। যেসব মহিলা HPV টেস্ট করান তাদের প্যাপ টেস্টও করাতে হয়।

আমি কি আমার HPV হবার সম্ভাবনা কমাতে পারি ?

- আপনি যৌন সঙ্গম এড়িয়ে যেতে পারেন (সংযম)।
- আপনি যৌনসঙ্গমে সঙ্গী সংখ্যা সীমিত রাখতে পারেন।
- এমন সঙ্গী বেছে নিন যে কখনও যৌনসঙ্গম করেনি বা সীমিত যৌনসঙ্গম করেন। আপনার সঙ্গীর যত কম যৌনসঙ্গী থাকবে - তার HPV-র সম্ভাবনা ততই কম হবে।
- কন্ডম HPV -র বিরুদ্ধে কতটা নিরাপত্তা দেয় তা জানা নেই। যে জায়গাগুলি কন্ডমে ঢাকা থাকেনা তা ভাইরাসে আক্রান্ত হতে পারে।

HPV টীকা কি এবং কিভাবে কাজ করে ?

গার্ডাসিল নামক এই টীকা রোগ অনুকরণ করে ও শরীরে রোগ প্রতিরোধক সৃষ্টি করে। এটা জীবন্ত বা মৃত ভাইরাস নয়। এর দ্বারা টাইপ 6, 11, 16, এবং 18 HPV সংক্রমণের বিরুদ্ধে প্রতিরক্ষা পাওয়া যায়।

এটা কি নিরাপদ ?

এই টিকার ফলে ছোটখাট সমস্যা হতে পারে। কিছু কিছু মানুষের সামান্য জ্বর হতে পারে। কারো কারো টিকার স্থানটি লাল হয়ে যায় বা ত্বকে অস্বস্তি হয়।

টিকার ফলে আমার HPV হতে পারে কি ?

না। টিকায় HPV ভাইরাস থাকে না।

এটা কি ফলপ্রসূ হয় ?

গার্ডাসিল (Gardasil) HPV টাইপ 6, 11, 16, 18 র বিরুদ্ধে 95 থেকে 100% ফলপ্রসূ।

HPV টীকা কার নেওয়া উচিত ?

FDA 9 থেকে 26 বছরের মেয়ে ও মহিলাদের জন্য গার্ডাসিল টিকা অনুমোদন করেছে। যৌনজীবন শুরু হওয়ার আগে এই টীকা নেওয়া সবচেয়ে ভালো।

কটা ইনজেকশন নিতে হয় ?

তিনটি ইনজেকশন নিতে হয়। প্রথম ইনজেকশনের দু মাস পরে দ্বিতীয় ইনজেকশন নিতে হয়। প্রথম ইনজেকশনের ছ মাস পরে তৃতীয়টা নিতে হয়।

কতদিন যাবৎ নিরাপত্তা পাওয়া যায় ?

যেহেতু এই টীকা সম্পূর্ণ নতুন তাই এ সম্বন্ধে আরো জানতে হবে। যেমন বছর দুয়েক পরে বুস্টার টিকা নেওয়া প্রয়োজন কি না তা FDA -র জানা নেই।

আমার ইতিমধ্যে HPV থাকলে টীকা নেওয়া উচিত কি ?

এই টিকায় HPV-র চিকিৎসা বা নিরাময় হয় না। যাদের এক ধরণের HPV আছে তাদের অন্যান্য প্রকার HPV -র বিরুদ্ধে নিরাপত্তা দেওয়ায় এটা কার্যকর হতে পারে। যেমন, আপনার যদি টাইপ 6 থাকে এই টীকা আপনাকে টাইপ 16-এর বিরুদ্ধে প্রতিরক্ষা দিতে পারে।

এফডিএ অফিস অফ উইমেন্স হেল্থ (FDA Office of Women's Health)
<http://www.fda.gov/womens>

আরো জানার জন্য :

FDA Center for Biologics Evaluation and Research
<http://www.fda.gov/cber>